দৈনিক ইত্তেফাক ১০৭
তারিখ ... JUN. 27 1999
পৃঃ ৭ কলাম ১

# দাখিল পরীক্ষার ফল প্রকাশঃ পাসের হার ৭১.৯৪ ভাগ

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (শনিবার) মাদ্রাসা শিক্ষাবোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৯৯ সালের দাখিল পরীক্ষার ফল প্রকাশিত হইয়াছে। চারটি পৃথক গ্রুপ হইতে মোট ১ লক্ষ ৩৫ হাজার ৯৭৪ জন ছাত্র-ছাত্রী এই পরীক্ষায় অংশগ্রহণ করে। তাহার মধ্যে ৯৭ হাজার ৮১৪ জন উত্তীর্ণ হইয়াছে। প্রথম বিভাগে ২৬ হাজার ৭৩৫ জন, দ্বিতীয় বিভাগে ৬৩ হাজার ৭১৪ জন এবং তৃতীয় বিভাগে ৭ হাজার ৩৬৫ জন পাস করে। পাসের হার শতকরা ৭১ দশমিক ৯৪ ভাগ।

৯১ হাজার ৭২৯ জন ছাত্র এবং ৪৪ হাজার ২৪৫ জন ছাত্রী পরীক্ষার অংশ নিয়াছিল। ইহার মধ্যে সাধারণ গ্রুপে অংশগ্রহণকারী মোট ১ লক্ষ ২২ হাজার ৭৮২ জন পরীক্ষার্থীর মধ্যে ২১ হাজার ৪৬

(১৫শ পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## দাখিল পরীক্ষার ফলাফল

(প্রথম পৃষ্ঠার পর)

জন প্রথম বিভাগে, ৫৯ হাজার ১৬৭ জন দ্বিতীয় বিভাগে এবং ৭ হাজার ১৭০ জন তৃতীয় বিভাগে পাস করে। বিজ্ঞান গ্রুপে মোট অংশগ্রহণকারী ১২ হাজার ৮ শত পরীক্ষার্থীর মধ্যে প্রথম বিভাগে ৫ হাজার ৫৯৯ জন, দ্বিতীয় বিভাগে ৪ হাজার ৩৭৭ জন এবং তৃতীয় বিভাগে ১৮৮ জন পাস করিয়াছে। মুজাব্বিদ গ্রুপে ৩৭৪ জন পরীক্ষার্থী অংশ নেয়। ইহার মধ্যে প্রথম বিভাগে ৮৭ জন, দ্বিতীয় বিভাগে ১৬৪ জন এবং ৭ জন তৃতীয় বিভাগে পাস করে। হিফজুল কুরান গ্রুপে মোট ১৮ জনের মধ্যে ৯ জন পাস করিয়াছে।

সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করিয়াছে ঃ ধামতি ইসলামিয়া কামিল মাদ্রাসার ছাত্র মোহাম্মদ নাসির উদ্দিন লস্কর প্রাপ্ত নম্বর ৯০১, দ্বিতীয়ঃ একই মাদ্রাসার মোহাম্মদ নাজমুল হাসান ৮৮১। তৃতীয়ঃ নবীনগর নারায়ণপুর ডিএস ফাজিল মাদ্রাসার ছাত্র মহিবুল্লাহ ৮৮০, ৪র্থ ঃ ঢাকার তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার ছাত্র মোঃ রাশেদুল ইসলাম ৮৭৯, ৫ম ঃ ধামতি ইসলামিয়া কামিল মাদ্রাসার মোহাম্মদ আবদুল হালিম ও একই মাদ্রাসার মোহাম্মদ আবদুল ওয়াহাব ৮৭৭, ৬ষ্ঠ ঃ একই মাদ্রাসার মোহাম্মদ হারুনুর রশীদ ৮৭৪, ৭ম ঃ রাজাপুর ফাজিল মাদ্রাসার মুহাম্মদ রবিউল হাসান ৮৭৩, ৮ম ঃ তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার মোশাররফ হোসাইন মাসুদ ৮৭১, ৯ম ঃ তামিরুল মিল্লাত মাদ্রাসার মোঃ জাহাঙ্গীর আলম ৮৭০, ১০ম ঃ তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার আশিকুর রহমান মাহমুদ ৮৬৯, ১১তমঃ উল্লাপাড়া কামিল মাদ্রাসার মোঃ আবদুল হালিম ৮৬৮, ১২তম ঃ তামিরুল মিল্লাত মাদ্রাসার মোঃ মারুফ বিল্লাহ ৮৬৪, ১৩তম ঃ তামিরুল মিল্লাত মাদ্রাসার মোঃ আহসানুল মিজান রুমি ৮৫৯, ১৪তম ঃ (২জন) ঢাকার মাহমুদা খাতুন ফাজিল মহিলা মাদ্রাসার ছাত্রী ছুমবুল জোহরা ও সাতক্ষীরার মদিনাতুল উলুম ফাজিল মাদ্রাসার আবুল আ'লা আল মিসবাহ ৮৫৬, ১৫তম ঃ (২ জন) উল্লাপাড়া কামিল মাদ্রাসার মোঃ আবু সালেক ও রংপুরের ধাপসাতগড়া বায়তুল মোকাররম ফাজিল মাদ্রাসার মোঃ শাহ আলম ৮৫৬, ১৬তম ঃ রাজশাহী দারুস সালাম কামিল মাদ্রাসার মোহাম্মদ ইউসুফ আলী ৮৫১, ১৭তম ঃ নওগাঁ নামাজঘর গাউসুল আজম কামিল মাদ্রাসার মোঃ আমিমুল এহসান আল কাদরী ৮৫০, ১৮তমঃ ধামতি ইসলামিয়া মাদ্রাসার মোহাম্মদ সাইফুল ইসলাম ভুঁইয়া ৮৪৮, ১৯তম ঃ (২ জন) তামিরুল মিল্লাত মাদ্রাসার মোঃ মাহবুবুর রহমান ও আশেকানে আওলিয়া ফাজিল মাদ্রাসার মোঃ আহসানুর রশীদ মজুমদার ৮৪৭ এবং ২০তম ঃ বরগুনা দারুল উলুম নেসারিয়া কামিল মাদ্রাসার মোঃ আনোয়ার হোসাইন প্রাপ্ত নম্বর ৮৪৫।